

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা

প্রেস বিজ্ঞপ্তি

৫ আগস্ট ২০২১, টরন্টো

টরন্টোতে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী পালন

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো বৃহস্পতিবার, ৫ আগস্ট ২০২১ বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী পালন করেছে। মুক্তিযোদ্ধা শেখ কামালের গৌরবময় জীবন ও অবদান নিয়ে মিশন একটি আলোচনা সভার আয়োজন করে। কোভিড- ১৯ সংক্রান্ত স্বাস্থ্য সুরক্ষা ও নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের মাধ্যমে আয়োজিত এ অনুষ্ঠানে মিশনের সকল কর্মকর্তা- কর্মচারী অংশ নেন।



অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জীবন ও আদর্শ নিয়ে নির্মিত বিশেষ তথ্যচিত্র প্রদর্শিত হয়। অতঃপর মিশনের কর্মকর্তাগণ বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের গৌরবময় অবদানের বিষয়ে বিশদ আলোচনা করেন।

কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ তাঁর বক্তব্যে মুক্তিযোদ্ধা শেখ কামালের সৃজনশীলতা, সাংস্কৃতিক মনন এবং খেলাধুলার প্রতি গভীর আগ্রহের বিষয়ে আলোকপাত করেন। তিনি উল্লেখ করেন, বঙ্গবন্ধু যখন স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত অর্থনীতি পুনর্গঠনের জন্য নিরলস কাজ করে যাচ্ছিলেন, তখন তার সুযোগ্য পুত্র বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল সদ্য- স্বাধীন দেশের সংস্কৃতি ও ক্রীড়া খাতকে সংগঠিত করার কাজে আত্মনিয়োগ করেন। তাঁর লক্ষ্য ছিল দেশের যুব সমাজকে সংস্কৃতি ও ক্রীড়ার মাধ্যমে জাতি গঠন প্রক্রিয়ার সাথে যুক্ত করা। কনসাল জেনারেল

Mujib Year's Diplomacy: Friendship & Prosperity

আরো বলেন, মুক্তিযোদ্ধা শেখ কামালের বিনয় এবং অতি সাধারণ জীবনদর্শন বর্তমান প্রজন্মের তরুণদের জন্য আদর্শ হওয়া উচিত।



পরিশেষে, কনসাল জেনারেল দেশের তরুণ ও যুবসমাজকে মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জীবন বিশদভাবে জানতে অনুরোধ করেন এবং তার জীবন থেকে অনুপ্রেরণা গ্রহণ করে বঙ্গবন্ধুর 'সোনার বাংলা' বিনির্মাণে অবদান রাখার আহ্বান জানান। বিশেষ দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

* * *

Mujib Year's Diplomacy: Friendship & Prosperity